The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 820 | 31 May 2024 | শুক্রবার ১৭ জ্যৈষ্ঠ ১৪৩১



বাংলার রূপকথা এবার আমেরিকার পর্দায়

>> ৩৭ পাতায়

Trump Become America's First Felon President



>> Page 23



ম্যাচে হামলার হুমকি নিরাপত্তা জোরদার

>> ৬৬ পাতায়

Machete attack in Times Square

>> Page 24



### নিউইয়র্কের আদালতে ঐতিহাসিক রায় : দোষী সাব্যস্ত সাবেক প্রেসিডেন্ট

# ট্রাম্পের বিরুদ্ধে সাজা ঘোষণা ১১ জুলাই

আজকাল রিপোর্ট

ব্যবসায়িক নথিপত্রে তথ্য গোপনের অভিযোগে করা মামলায় দোষী সাব্যস্ত হয়েছেন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বৃহস্পতিবার নিউইয়র্কের একটি আদালত এ রায় দেন। ওই মামলায় আনা ৩৪টি অভিযোগের সব কটিতে দোষী সাব্যস্ত হয়েছেন রিপাবলিকান দলের এই নেতা। আদালতের এই রায়ের মধ্য দিয়ে প্রথমবারের মতো যুক্তরাষ্ট্রের কোনো সাবেক প্রেসিডেন্ট ফৌজদারি অপরাধের জন্য দোষী সাব্যস্ত হলেন। আগামী ১১ জুলাই এ মামলায় ট্রাম্পের সাজা ঘোষণা করা হবে। সাবেক এ প্রেসিডেন্টের কারাদন্ড হতে পারে। তবে আইনজ্ঞরা বলছেন, তাঁকে জরিমানা করার সম্ভাবনাই বেশি। বৃহস্পতিবার রায় ঘোষণার পর আদালত কক্ষ থেকে বেরিয়ে সাংবাদিকদের ট্রাম্প বলেন, এটা তাঁর জন্য মর্যাদাহানিকর। তিনি ন্যায়বিচার পাননি। আদালতের এই সিদ্ধান্তের বিরুদ্ধে তিনি শেষ মুহূর্ত পর্যন্ত লড়াই করে যাবেন। ট্রাম্পের এই বক্তব্য থেকে বোঝাই যায়, তিনি এই রায়ের বিরুদ্ধে উচ্চ আদালতে আপিল করবেন। তবে এটাই কিন্তু ট্রাম্পের বিরুদ্ধে একমাত্র মামলা নয়। ২০২০ সালে প্রেসিডেন্ট নির্বাচনের ফল বদলে দেওয়ার ষড়যন্ত্রের অভিযোগে তাঁর বিরুদ্ধে বর্তমানে একটি মামলা চলছে। এছাড়া প্রেসিডেন্ট হিসেবে মেয়াদ শেষের পর হোয়াইট হাউস থেকে সরকারি গোপন নথিপত্র সঙ্গে নিয়ে যাওয়ার অভিযোগে করা আরও একটি মামলা ঘাড়ে নিয়ে ঘুরছেন তিনি। ৭৭ বছর বয়সী ট্রাম্পের বিরুদ্ধে করা এই মামলায় অভিযোগে বলা হয়, ২০০৬ সালে স্টর্মি ড্যানিয়েলসের সঙ্গে তাঁর যৌন সম্পর্ক গড়ে উঠেছিল। পরে ২০১৬ সালের প্রেসিডেন্ট নির্বাচনের আগে এ বিষয়ে মুখ না খুলতে ট্রাম্পের পক্ষ থেকে স্টর্মিকে ১ লাখ ৩০ হাজার ডলার ঘুষ দেওয়া হয়। তাঁর হাতে এ অর্থ তুলে দিয়েছিলেন ট্রাম্পের আইনজীবী মাইকেল কোহেন। তবে ব্যবসায়িক নথিপত্রে এ লেনদেনের তথ্য গোপন করা হয়েছিল। যদিও এসব অভিযোগ বরাবরই অস্বীকার করে এসেছেন ট্রাম্প।

নিউইয়র্কের ম্যানহাটনে দীর্ঘ পাঁচ সপ্তাহ ধরে শুনানির পর বৃহস্পতিবার এ রায় ঘোষণা করেন ১২ জন বিচারকের একটি বেঞ্চ। এর আগে তাঁরা রায় নিয়ে ১১ ঘণ্টা আলাপ-আলোচনা করেছেন। এমন সময় এ রায় ঘোষণা করা হলো, যখন কয়েক মাস বাদেই যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। এই নির্বাচনে অংশ নিয়ে আবার প্রেসিডেন্ট পদে আসতে চাচ্ছেন ট্রাম্প। তবে রায়ের কারণে তাঁর নির্বাচনী প্রচার-প্রচারণায় কোনো বাধা আসবে না।

এদিকে এই মামলার মাধ্যমে ট্রাম্পের বিরুদ্ধে 'আসন্ন নির্বাচনে প্রভাব' বিস্তারের চেষ্টা করা এরপর ২০ পৃষ্ঠায়

## ট্রাম্প কি জেলে যাবেন? নির্বাচনে প্রার্থী হতে পারবেন?



গতকাল বৃহস্পতিবার সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নিউইয়র্কের আদালতে হাজির হলে তাঁর উপস্থিতিতেই রায় পড়ে শোনান বিচারক

## নিউইয়র্কে বিমানের ফ্লাইট কি 'মিথ' হয়েই থাকবে?

ঢাকা অফিস

ঢাকা-নিউইয়র্ক সরাসরি ফ্লাইটকে মিথ হয়েই থাকবে? বাস্তবে এই ফ্লাইট কবে চালু হবে নাকি আদৌ হবে না- এসব নিয়ে কৌতুহলের শেষ নেই। বেসামরিক বিমান চলাচল ও পর্যটক মন্ত্রী ফারুক খানেরও একই প্রশ্ন। তিনি বৃহস্পতিবার ঢাকায় এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেন, ঢাকা-নিউইয়র্ক ফ্লাইটের ব্যাপারে যুক্তরাষ্ট্র যা কিছু চেয়েছে তার সবই আমরা দিয়েছি। তারা কখনও সিকিউরিটির ব্যাপারে কিংবা অন্য কোনও বিষয়ে আমাদের বললে আমরা সেখানে তা পাঠিয়ে দেব। আসলে আমরা নিশ্চিত করে জানি না। আমাদের ঢাকা-টরন্টো ফ্লাইট ভালো চলছে। আমরা চাই, যুক্তরাষ্ট্রও আমাদের সঙ্গে এ ব্যাপারে উদার হোক।

### অবৈধ অভিবাসী রোধ

## সিনেটে আটকে গেল সীমান্ত বন্ধের বিল

আজকাল রিপোর্ট

সিনেটে আবারো ইমিগ্রেশন বিল বাতিল হলো। সীমান্ত দিয়ে অনুপ্রবেশ ও ইমিগ্রেশন ইস্যুতে সিনেটে একটি বাইপার্টিজান ইমিগ্রেশন বিল উত্থাপন করা হয় গত ফেব্রুয়ারিতে। বিলের মূল বিষয় ছিল যুক্তরাষ্ট্রের সীমান্ত পথে অনুপ্রবেশ বন্ধ ও সেখানে রেড এলার্ট ঘোষণা করা। সীমান্তে অবস্থানরত ৩ লাখ বিদেশি যাতে অবৈধভাবে যুক্তরাষ্ট্রে প্রবেশ করে নিজেদের এসাইলাম প্রার্থী হিসেবে ঘোষণা করতে না পারে সেই লক্ষ্যেই বিলটি উত্থাপন করা হয়। এই বিল পাস হলে প্রেসিডেন্ট সীমান্তে রেড এলার্ট এরপর ২০ পৃষ্ঠায়

### নিউইয়র্কে ডেপুটি গভর্নর

## রিজার্ভ পতনের খবর প্রপাগান্ডা




আজকাল রিপোর্ট

নিউইয়র্কের এক আলোচনা সভায় বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর কাজী সায়েদুর রহমান বলেছেন, বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ কমে যাচ্ছে বলে যে খবর প্রচার করা হচ্ছে তা একটি মিথ্যা প্রপাগান্ডা। রিজার্ভ চুরি হয়েছে বলে নেতিবাচক অপপ্রচারটি চালিয়েছে সাংবাদিকরা। বাংলাদেশ ব্যাংকের এরপর ৫৪ পৃষ্ঠায়

### দুই তারকার পতনে সতর্কবার্তা

# আত্মগোপনে বেনজির!

বিশেষ প্রতিনিধি, *ঢাকা থেকে*





বাংলাদেশে হাজার কোটি টাকার সম্পদের তথ্য নিশ্চিত হওয়ার পর পুলিশের সাবেক মহাপরিদর্শক বেনজীর আহমেদ ও তার পরিবারের সদস্যদের বিদেশে কোনো সম্পদ আছে কিনা তার খোঁজ করছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। চলমান এই পরিস্থিতি তৈরির আগেই গত ৪ মে সপরিবারে সিঙ্গাপুরের উদ্দেশে দেশ ছেড়েছেন বলে গুজব উঠেছে। তবে বিভিন্ন সূত্র দাবি করছে, বেনজির এখনও দেশ ছাড়েননি। তিনি আত্মগোপনে রয়েছেন। বেনজীর আহমেদের ঘনিষ্ঠ একটি সূত্র বলছে, ৪ মে সিঙ্গাপুর এয়ারলাইনের একটি ফ্লাইটে তিন মেয়ে ও স্ত্রীসহ শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ছেড়ে যান তিনি। স্ত্রী জীশান মির্জার চিকিৎসার কারণে তারা সে দেশেই অবস্থান এরপর ২০ পৃষ্ঠায়

### স্টেট এসেম্বলি মেম্বার পদ

## মনসেরাতকে আজকালের এনডোর্সমেন্ট



আজকাল রিপোর্ট

সাপ্তাহিক আজকাল নিউইয়র্ক স্টেট এসেম্বলি মেম্বার পদে হায়রাম মনসেরাতকে এনডোর্স করেছে। তিনি কুইন্সের ডিস্ট্রিক্ট ৩৫ (এলমহার্স্ট, করোনা, রিগো পার্ক ও ফরেস্ট হিল) থেকে নির্বাচন করছেন। আগামী ২৫ জুন অনুষ্ঠিত ডেমোক্র্যাটিক প্রাইমারিতে তিনি প্রতিদ্বন্দ্বিতা করছেন। ডেমোক্র্যাটিক এরপর ২০ পৃষ্ঠায়



ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
RAJIB AHMED
President & CEO
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent



PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE



Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055





আশিয়ান সিটি
ঢাকার মধ্যে অনুমোদিত আবাসিক প্রকল্প
আর নয় রূপকল্প !!
আধুনিক সুপরিকল্পিত আবাসিক প্রকল্প হিসেবে "আশিয়ান সিটি" আজ বাস্তব।
প্রকল্পের 'এ' ব্লকে ১০০ ফুট প্রসস্ত রাস্তাসহ অভ্যন্তরীণ সকল রাস্তা এবং প্লট এখন রেডি।
অন্যান্য ব্লকের রাস্তা ও প্রকল্পের উন্নয়নের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে।
পবিত্র ঈদুল আযহা
উপলক্ষ্যে দারুণ অফার..
ঢাকায় এবার জমি হবে সবার ...






কেন বিনিয়োগ করবেন ?
- প্রকল্পটি ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর ৪৮ ও ৪৯ নং ওয়ার্ডের মধ্যে
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ৩য় টার্মিনালের বিপরীতে
- প্রকল্পে ৩, ৫ ও ১০ কাঠার রেডী প্লট যা এখনই বাড়ী করার উপযোগী
- এককালীন মূল্য পরিশোধে সাথে সাথে রেজিস্ট্রেশন


আশিয়ান ল্যান্ডস্ ডেভেলপমেন্ট লিঃ
প্রধান কার্যালয়: ৪০/২, (৫ম তলা), ইউনিকর্ন প্লাজা, নর্থ এভিনিউ, গুলশান-২, ঢাকা-১২১২ ফোন: +৮৮-০২-৫৫০৫১৭২০-২৬
www.ashiyangroup.com
বিস্তারিত জানতে কল করুন :
+৮৮ ০১৭৫৫-৫৩১৩১৯ +৮৮ ০১৩১৩-০৭৮৯৫২
+৮৮ ০১৭৫৫-৫৩১৩২৭ +৮৮ ০১৭৫৫-৫৩১৩০৮
+৮৮ ০১৭১৩-৪২৩৪৫৬ +৮৮ ০১৭১৪-১৬১৯১৪


MHC

# Marks Home Care

# মার্কস্ হোম কেয়ার









- প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

আমরা নূতন গ্রাহক এবং এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।

**We Welcome Agency Transfers and New Clients.**

FOLLOW US ON
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS

## বিস্তারিত জানতে কল করুন

# 718-697-7717

E-mail : info@markshhc.com | www.markshhc.com

### Bronx

1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

2002 Mcgrow Ave
Bronx, NY 10462

721 E Tremont Ave,
Bronx, NY 10457

### Brooklyn

413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

1104 Liberty Ave
Brooklyn, NY 11208

### Queens

40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

### Hicksville

217 Bethpage road
Hicksville, NY 11801

### Buffalo

1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

### Rochester

504 W Main St
Rochester, NY 14608

* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

**We speak**
**Spanish, Urdu, Hindi & Arabic**





আমরা ৭ দিনই খোলা
সকাল ৯টা থেকে রাত ৯টা

***For details information please contact***

## ENGINEER MAHFUZUL HAQUE

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

## 148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

**1217 Liberty Avenue, Brooklyn, NY 11208**

# পশ্চিমবঙ্গে লোকসভা নির্বাচনে বাম শক্তির সম্ভাবনা

সকালে যে তৃণমূল বিকেলে সে বিজেপি এবং সে নেতা হয়তো ভুলে যায় সকালে সে কোন দলে ছিল। তাইতো প্রচারে গিয়ে জয় শ্রীরাম বলতে গিয়ে জয় বাংলা বলে ফেলে। অনেকে হয়তো বলতে পারেন, বিজেপি'র কাছে মিডিয়া পাওয়ার আছে, টাকা আছে। কিন্তু ২০১৪ সালে কংগ্রেসের কাছেও তো সেটা ছিল, কিছু কি তারা করতে পেরেছিল? ধুয়ে মুছে একাকার হয়ে গিয়েছিল। তাই বাংলার মানুষ এখন বিজেপি-তৃণমূলের বিকল্প হিসেবে বাম-কংগ্রেসের প্রয়োজনীয়তা বুঝতে পারছে। দু'বছর পর ২০২৬ সালে মানুষ একটি নতুন ম্যাজিক দেখতে পাবে এমন ভাবনাও শুরু হয়েছে। লোকসভা নির্বাচনে বামেদের বিশেষ করে তরুণদের মেরুদন্ড সোজা করে দাঁড়ানো মানুষকে প্রত্যয়ী করেছে। তাই আমরাও আশাবাদ নিয়ে অপেক্ষায় রইলাম

সুব্রত বিশ্বাস



পশ্চিমবঙ্গের রাজ্যজুড়ে তাপ প্রবাহের প্রথম ইনিংশ শেষ হলেও লোকসভা ভোটের তাপে উত্তপ্ত হয়ে চলেছে রাজ্যের রাজনীতি। প্রতিদিন সংবাদ মাধ্যমের খবর, রাজ্যে নতুন নতুন ঘটনা, নতুন নতুন ভাষা তৈরি হচ্ছে গণমাধ্যম জুড়ে। কথা উঠেছে, রাজ্যে গত কয়েক বছরের 'তুই বেড়াল না মুই বেড়ালের' তরজা এবার ভোটে অনেকটাই প্রশমিত। শাসক আশ্রিত সংবাদ মাধ্যমের যাবতীয় ভবিষ্যৎ বাণী ভুল প্রমাণ করে এবারের লোকসভা ভোটে পশ্চিমবঙ্গে ত্রিমুখী প্রতিদ্বন্দ্বিতার আভাস পাওয়া যাচ্ছে। ফলে এবারের ভোটের জেরে পৌরসভা কিংবা পঞ্চায়েতে হরির লুটের ন্যায় ভোট লুটের প্রবণতা ক্রমশ কমছে বলে ধারণা করা যায়। এটা নির্বাচন কমিশন কিংবা কেন্দ্রীয় বাহিনীর তৎপরতায় নয়, কার্যত জেলায় জেলায় মানুষের সক্রিয় প্রতিরোধের কারণে। নির্বাচনের বিভিন্ন পর্যায়ে নিজের হারানো অধিকার প্রয়োগ করছে মানুষ। ফলে এবার ভোটে কমছে জাল ভোটের অঙ্ক। এই অবস্থায় রাজ্যে ছিনেক রাজনীতির নটেগাছটি মুড়াতে শুরু করায় বিমর্ষ দুই ফুলের দল মরিয়া হয়ে উঠেছে, ছলে বলে কৌশলে ভোটের মেরুকরণের নতুন নতুন উপায় বার করতে মরিয়া তারা।

বিভিন্ন সমীক্ষা ও সংবাদ মাধ্যমের খবরে দেখা যাচ্ছে, কার্যত এবারে গত দশ বছরের মোদী সরকারের নীতির বিরুদ্ধে হতে চলেছে এক গণভোট। ফলে দেশ জুড়ে ছড়িয়ে ছিটিয়ে থাকা বিভিন্ন অবিজেপি রাজনৈতিক দলগুলো গেরুয়া শাসকের বিরুদ্ধে জোটবদ্ধ হয়েছে 'ইন্ডিয়া' মঞ্চে। সাম্প্রতিক অতীতে জাতীয় স্তরে এমন বিরোধী মঞ্চ গড়ার উদ্যোগ নেওয়া হলেই ছলে বলে কৌশলে যারা সেই উদ্যোগে জল ঢালতে উদ্যত হতো তাদের মধ্যে পশ্চিমবঙ্গের তৃণমূল ছিল অন্যতম। কার্যত রাজ্যের বাইরে একটা পঞ্চায়েত দখলের ক্ষমতা যাদের নেই, তারা কখনও ত্রিপুরায় গিয়ে, কখনও গোয়ায়, কখনও মেঘালয়ে গিয়ে নিজের নাক কেটে বিজেপি'র যাত্রাপথ সুগমের ব্যবস্থা করেছে।

এবার তারাই আগ বাড়িয়ে হাজির হয়েছিল সেই বিরোধী জোটের ইন্ডিয়া মঞ্চে। কথায় আছে স্বভাব যায় না মরলে, তারা তাদের স্বভাব ভুলতে পারেননি। তাই অতীত ঐতিহ্য অনুসারে বিরোধী মঞ্চকে ভেতর থেকে দুর্বল করার যাবতীয় অপচেষ্টার আরেক নমুনা পেশ করেন দলনেত্রী। ভোটের চার পর্ব মিটতে না মিটতেই তিনি কৌশলে বিরোধী জোটের বাইরে নিজেকে নিয়ে গেছেন। লক্ষ্য কিংবা উদ্দেশ্য পরিষ্কার যে কেন্দ্রে বিজেপি'র সরকার গড়ার সম্ভাবনা ক্রমশ ফিকে হচ্ছে। ফলে গত দশ বছর রাজ্যে আকণ্ঠ দুর্নীতিতে ডোবা নিজের দল এবং সরকারকে বাঁচিয়ে মোদী সরকারের সাথে যেমন বসে-বসে চলেছেন, তেমন স্থিতাবস্থা বজায় রাখতে প্রয়োজন হলে ঘাসফুলের দল বাইরে থেকে সাহায্যের হাত বাড়িয়ে দেবে পদ্মফুলের দিকে। তার প্রথম পদক্ষেপ বিরোধী জোট থেকে তৃণমূলের দূরত্ব তৈরি করা। ফলে তিনি মুখে বলেছেন 'বাইরে থেকে বিরোধী জোটের সরকার' গড়ায় সাহায্যের কথা, আর তার মনে রয়েছে 'বাইরে থেকে শাসক দলের সরকার' গড়ার কথা। অন্যদিকে গত দশ বছরে যুগপৎ চলা রাজ্যের তৃণমূল এবং কেন্দ্রের বিজেপি সরকারের মত-পথ-দর্শন কার্যত এক এবং অভিন্ন। কারণ দুই শাসকের মাঝে গুণগত কোনও তফাৎ বা ফারাক কেবল মাত্রায়। রাজনৈতিক অসহিষ্ণুতার কিংবা স্বৈরাচারের মাপকাঠিতে দুই পক্ষ অভিন্ন। নিয়ন্ত্রণের রাজনীতিতে সিদ্ধহস্ত উভয়েই। দুর্নীতিতে একই বৃন্তে ফোটা দুই ফুলের মতো। কিন্তু এখন এটা স্পষ্ট হচ্ছে যে বিরোধীদের সাথে দিল্লিগামী ট্রেনে চড়লেও মাঝপথে নেমে যাচ্ছে তৃণমূল নাগপুরের ট্রেন ধরবে বলে।

ইতিমধ্যে এ রাজ্যে জনমানসে প্রতিষ্ঠিত হয়েছে যে সন্দেশখালি, সেটা কেবল একটা দ্বীপের নাম নয়, বরং সন্দেশখালি হয়ে উঠেছে রাজ্যের শাসকের বিরোধীশূন্য রাজনীতির নির্লজ্জ অত্যাচারের এক নতুন ক্ষেত্রে। পাশাপাশি সেই প্রত্যন্ত দ্বীপভূমি গড়ে তুলেছে অন্যায়ের বিরুদ্ধে সমাজের প্রান্তিক মেয়েদের এক অপ্রতিরোধ্য লড়াইয়ের নজির। ডায়মন্ড হারবারের মডেলে ভোট লুট আর সন্দেশখালি মডেলের সংগঠন গড়ে যে ভোটে বিজয়ী হতে এতকাল অভ্যস্ত ছিল রাজ্যের শাসক, তাতে ইতি টানতে চলেছে সন্দেশখালির লড়াই। এই ভয়ে ভীত শাসক দল এবার মরিয়া হয়ে প্রমাণ করার চেষ্টা চালাচ্ছে যে সন্দেশখালির ঘটনা আসলে এক সাজানো চক্রান্ত। সন্দেশখালির নিষ্পাপ যুবক উত্তম-শিবু-শাহজাহানদের বিরুদ্ধে টাকা খেয়ে গ্রামের মেয়েরা ধর্ষণের অভিযোগ করেছে পুলিশের কাছে। ফলে যেমন ভাবনা তেমনি কাজ, পুরনো মডেলে সন্দেশখালি জুড়ে তেমন কিছুই হয়নি, প্রমাণে পথে নামে রাজ্যের শাসকদল কয়েক টুকরো ভিডিও ক্লিপিংয়ের আশ্রয়কে হাতিয়ার করে। ভোট মেরুকরণের লক্ষ্যে সেই ভিডিও সংলাপে এসেছে মহিলাদের টাকার বিনিময়ে ধর্ষণের অভিযোগ করানোর মতো কুৎসিত অপরাধ করা স্থানীয় এক বিজেপি নেতার স্বীকারোক্তি। কিন্তু আশ্চর্যের কথা ভোটের বিভিন্ন দফায় প্রধানমন্ত্রী থেকে স্বরাষ্ট্র মন্ত্রী মণিপুর উন্নাও কিংবা হাথরাসের নারী নির্যাতনের ঘটনায় নীরব থাকলেও সন্দেশখালিতে মেয়েদের অত্যাচার নিয়ে মুখ খুলছেন নিয়ম করে। কিন্তু সেই অত্যাচারের তদন্তে সিবিআই-এর মুখে কুলুপ। এমনকি দেশের ভোট চলাকালীন এমন ভিত্তিহীন ভিডিও নিয়ে রাজ্যে এরপর ৪৪ পৃষ্ঠায়








# GLOBAL NRB CHAMBER OF COMMERCE & INDUSTRY

a platform of a NRB and Bangladeshi Businessmen
for strengthening mutual businesses

**www.nrbcham.com**

At present, NRB Businessmen from more than 50 countries are associated with this chamber along with Bangladeshi Businessmen under Leadership of President **Mr. Shah Nawaz MBA**

Any Bangladeshi Businessman doing business abroad (NRBs) and in Bangladesh can become a member of this chamber as per Global NRB Chamber Membership Guidelines.

**Please contact us today for your memnsbership**

GLOBAL NRB CHAMBER OF COMMERCE & INDUSTRY
Global NRB
CHAMBER

## GLOBAL NRB CHAMBER OF COMMERCE & INDUSTRY

71-24 35th Ave, Jackson Heights, NY 11372, USA, Tel : +16467993387

GlobalNRBChamber nrbcham@gmail.com www.nrbcham.com

# বিরাট মূল্যহ্রাস

# BISMILLAH

## HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

১০টি কালার রেড/ব্লাক চিকেন কিনলে ২টি কালার চিকেন ফ্রি অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি

৩টি রেড হার্ড চিকেন $17.99 ৬টি রেড/ব্লাক চিকেন কিনলে ১টি রেড হার্ড চিকেন ফ্রি

আরো রয়েছে কোয়েল, কবুতর, তিতি মুরগী, বালিহাঁস, রেগুলার হাঁস, চাকার পাখি, রাতা মোরগ, কোয়েল ডিম, হাঁসের ডিম, মুরগীর ডিম, অর্গানিক ডিম

স্পেশাল সেল

৩টি রেড হার্ড চিকেন $17.99

Approved by SBNY Shariah Board New York

HALAL MONITORING SERVICES HMS CERTIFIED HAND ZABIHA ™

শরীয়াহ বোর্ড কর্তৃক একমাত্র অনুমোদিত হালাল পোলট্রি মার্কেট



আমাদের রয়েছে শরীয়াবোর্ড অনুমোদিত প্রতিদিন জবেহকৃত গোট ও বিফ

এছাড়াও এখানে পাবেন সকল ধরণের বাংলাদেশ থেকে আমদানিকৃত মাছ

ইলিশ, রুই, কাতল, মৃঘেল, কোরাল, গলদা চিংড়ী, কই, বাইলা, মলা, কাচঁকিসহ বিভিন্ন ধরণের মাছ



প্রতিদিন স্পেশাল : বিফ উইথ বোর্ন $3.99

অল হোয়াইট চিকেন $2.99

শুধুমাত্র সীমিত সময়ের জন্য

Scan Here to Shop & Get Free Delivery



ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

MasterCard VISA AMERICAN EXPRESS DISCOVER

Open 7 Days: 8:00am to 7:00pm

Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)


718.205-7200 | 718.205.8262


ব্রাহ্মণবাড়িয়া কমিউনিটি অব নর্থ আমেরিকা ইনক
Brahmanbaria Community of North America Inc
কার্যকরী কমিটি
২০২৪-২০২৬
আনোয়ার হোসেন তালুকদার (স্বপন)
সভাপতি
মো: সাকিরুল ইসলাম খান (সাকির)
সাধারণ সম্পাদক
শাহীনুর রহমান সানি
সিনিয়র সহ সভাপতি
মো: নাছিম হাসান
সহ-সভাপতি
মাজহারুল হক (শওকত)
সহ-সভাপতি
মো: তুহিন মিয়া
সহ-সভাপতি
নাজির আহমেদ চৌধুরী
সহ-সভাপতি
মনিরুল হক মিঠু
সহ-সভাপতি
হুমায়ন কবির চৌধুরী
সহ-সভাপতি
রেজাউল হক মজুমদার
সহ-সভাপতি
একেএম এমরানুল হক
সহ সাধারণ সম্পাদক
এস এম বাহাদুর
সাংগঠনিক সম্পাদক
মো: জাহাঙ্গীর আলম
সহ সাংগঠনিক সম্পাদক
মারুফুল হক চৌধুরী
কোষাধ্যক্ষ
মো: এনামুল হক ভূইয়া
দপ্তর সম্পাদক
সামিউল জাহান
সহ দপ্তর সম্পাদক
নেহাল আহম্মদ ইমরান
সাহিত্য সম্পাদক
মো: তাজুল ইসলাম
সহ সাহিত্য সম্পাদক
এজিএম জাকির হোসেন
বন ও পরিবেশ বি. সম্পাদক
আলমগীর হোসেন
ক্রীড়া সম্পাদক
সাদেক আহমেদ
সহ ক্রীড়া সম্পাদক
সবজুল মমিন তালুকদার
প্রচার সম্পাদক
আজমল হোসেন
বিজ্ঞান ও প্রযুক্তি বি. সম্পাদক
সৃজনশীল নেতৃত্ব সৃষ্টির লক্ষ্যে সংগঠনের গর্বিত সদস্য হোন এবং গতিশীল করুন
মো: ইমরান খান
আপ্যায়ন ও সাংস্কৃতিক সম্পাদক
মো: সুমন মিয়া
সহ আপ্যায়ন ও সাংস্কৃতিক সম্পাদক
মো: শাহজাহান ভূইয়া
ধর্ম ও সমাজ কল্যান সম্পাদক
মো: সোহাগ মিয়া
সহ ধর্ম ও সমাজ কল্যান সম্পাদক
আসমা জাহান কলি
মহিলা সম্পাদক
কার্যকরী সদস্য:
শফিকুর রহমান রিপন
কার্যকরী সদস্য
প্রফেসর মো: আব্দুর রউফ
কার্যকরী সদস্য
নাঈম মিয়া
কার্যকরী সদস্য
মো: আলী আজগার বশির
কার্যকরী সদস্য
শাহাবুদ্দিন আলম
কার্যকরী সদস্য
মনোয়ার আহমদ
কার্যকরী সদস্য
ইফতেখার ইসলাম খান
কার্যকরী সদস্য
রেজা রাব্বি
কার্যকরী সদস্য
অভি খান
কার্যকরী সদস্য
মো: জালাল উদ্দিন
কার্যকরী সদস্য
হারিসুল ইসলাম সজিব
কার্যকরী সদস্য
প্রচারে ঃ প্রচার সম্পাদক কর্তৃক প্রচারিত

# যে বিচারের দিকে তাকিয়ে আছে বিশ্ব

গাজায় ইসরায়েলের বাহিনীর বর্বরতার প্রতিবাদে সারা পৃথিবীর বিভিন্ন দেশে নজিরবিহীন আন্দোলন গড়ে তুলেছেন তাঁরা। গ্রেপ্তারি পরোয়ানা জারি হলে তাই বৈশ্বিক মানবতাবাদী আন্দোলন নতুন প্রেরণা পাবে, এর চাপে পশ্চিমা দেশগুলোকে কিছুটা হলেও ইসরায়েলপন্থী একচোখা মনোভাব পুনর্বিবেচনা করতে হবে। এসব আশাবাদের পাশাপাশি আশঙ্কাও রয়েছে। সবচেয়ে বড় আশঙ্কা হচ্ছে কোনো কারণে আইসিসি এই বিচারে ব্যর্থ হলে বা তাঁকে ব্যর্থ করে দেওয়া হলে বৈশ্বিক আইনের শাসনের স্খলন ও একচোখা নীতি আরও প্রকট হয়ে উঠবে। বিশ্বের স্বৈরশাসক, অত্যাচারী ও আধিপত্যবাদী নেতাদের দৌরাত্ম্য মোকাবিলা করা তখন আরও কঠিন হয়ে পড়বে

আসিফ নজরুল



ন্যায়বিচার নিয়ে নানা অসন্তোষ রয়েছে আন্তর্জাতিক অঙ্গনে। সেখানে দুর্বল দেশের বহু ধরনের বিচার হয়, বিচার হয় না পরাক্রমশালী দেশের। পশ্চিমা দেশগুলো প্রথমোক্তদের বিচারে উদ্যোগী ভূমিকা নেয়, কিন্তু তাদের নিজেদের ও মিত্রদের বিচারের আওতার বাইরে রাখে। এর সবচেয়ে বড় প্রমাণ ইসরায়েলের ক্ষেত্রে যুক্তরাষ্ট্র ও তার মিত্রদের অবস্থান।

গত সাত দশকে জাতিসংঘের অসংখ্য প্রস্তাব ইসরায়েল উপেক্ষা করেছে, বহু আন্তর্জাতিক অপরাধ দেশটির শাসক ও সেনাশাসকেরা করেছেন। কিন্তু এ জন্য কোনো দায়বদ্ধতার মুখোমুখি হতে হয়নি তাঁদের মূলত উপরিউক্ত দেশগুলোর প্রশ্রয়ের কারণে।

এ রকম পরিস্থিতিতে ইসরায়েলের যুদ্ধবাজ প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ও এর প্রতিরক্ষামন্ত্রী ইয়োভ গ্যালান্টের বিরুদ্ধে আইসিসির (আন্তর্জাতিক অপরাধ আদালত) গ্রেপ্তারি পরোয়ানা জারির আবেদন সারা বিশ্বে চাঞ্চল্য সৃষ্টি করেছে।

কয়েক দিন আগে আইসিসির চিফ প্রসিকিউটর করিম খান যুদ্ধাপরাধ ও মানবতাবিরোধী অপরাধের জন্য তাঁদের (ও তিন হামাস নেতার) বিরুদ্ধে এই গ্রেপ্তারি পরোয়ানা জারির জন্য আইসিসির বিচারকদের কাছে আবেদন করেছেন।

এই পরোয়ানা জারি হবে কি না, তা আইসিসির বিচারকেরা নিষ্পত্তি করবেন। তবে ইসরায়েলের অপরাধের মানদণ্ড এবং আইসিসির কার্যক্রমের প্রকৃতি অনুসারে এটি না হওয়ার কারণ নেই।

কিন্তু প্রশ্ন হচ্ছে, সত্যি কি ইসরায়েল বা এর প্রধানমন্ত্রীর কোনো সমস্যা হবে এতে? সত্যি কি বৈশ্বিকভাবে আইনের শাসন প্রতিষ্ঠায় এটি একটি উজ্জ্বল ও অনুপ্রেরণাদায়ক নজির হিসেবে প্রতিষ্ঠিত হবে?

০২.

বছর বিশেক আগে 'রোম স্ট্যাটিউট' নামের আন্তর্জাতিক চুক্তিবলে আইসিসি প্রতিষ্ঠিত হয় গুরুতর আন্তর্জাতিক অপরাধগুলোর (যেমন গণহত্যা, যুদ্ধাপরাধ, মানবতাবিরোধী অপরাধ) জন্য দায়ী ব্যক্তিদের বিচার করার জন্য। কিন্তু প্রতিষ্ঠার পর থেকে এই আদালতের বিচার সীমাবদ্ধ ছিল মূলত বিশ্বরাজনীতিতে দুর্বল আফ্রিকান দেশগুলোর নেতাদের বিরুদ্ধে।

সাম্প্রতিক কালে আফগানিস্তান, ভেনেজুয়েলা ও মিয়ানমারের অভিযুক্তদের বিরুদ্ধে ও অতি সম্প্রতি রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের বিরুদ্ধে তদন্তের সূচনা করে আইসিসি এই দুর্নাম কিছুটা ঘোচাতে পেরেছে।

তবে আন্তর্জাতিক অপরাধ সংঘটনের বহু অভিযোগ থাকলেও এই আদালত পরাশক্তি যুক্তরাষ্ট্র বা এর মিত্রদেশগুলোর কারও বিরুদ্ধে পদক্ষেপ নেয়নি। যুক্তরাষ্ট্রের ঘনিষ্ঠ মিত্রদেশ ইসরায়েলের পরাক্রমশালী প্রধানমন্ত্রীর বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির বর্তমান উদ্যোগ তাই নজিরবিহীন হিসেবে মূল্যায়িত হচ্ছে।

ইসরায়েল (এবং যুক্তরাষ্ট্র, রাশিয়া বা চীন) আন্তর্জাতিক অপরাধ আদালতের পক্ষরাষ্ট্র নয়। ইসরায়েলের দাবি হচ্ছে, নেতানিয়াহুর বিচার করার এখতিয়ার তাই এই আদালতের নেই।

আইসিসির প্রিট্রায়াল চেম্বার অবশ্য ২০২১ সালেই এই এখতিয়ার আছে বলে রায় দিয়েছিলেন। তাঁরা বলেছিলেন, ফিলিস্তিন ২০১৫ সালে রোম স্ট্যাটিউটের পক্ষরাষ্ট্র হওয়ার কারণে সেখানে (পশ্চিম তীর, গাজা ও পূর্ব জেরুজালেম) সংগঠিত আন্তর্জাতিক অপরাধের বিচার করার অধিকার আছে আইসিসির।

টেরিটোরিয়াল জুরিসডিকশনের এই নীতি এর আগেও আইসিসি মিয়ানমার ও রাশিয়ার মতো রোম চুক্তির পক্ষ নয়, এমন দেশের বিরুদ্ধে ব্যবহার করেছে। কাজেই প্রিট্রায়াল চেম্বারের এই সিদ্ধান্তের যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তোলার অবকাশ ছিল না তখন। তবে এটি যে ইসরায়েলের প্রধানমন্ত্রীর বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারির পর্যায়ে যেতে পারে, তা তখন ধারণা করা যায়নি।

নেতানিয়াহুর গ্রেপ্তারের পরোয়ানা জারির আবেদনের এখনো নিষ্পত্তি হয়নি। আইসিসির বিচারকদের কাছে এই আবেদন খারিজ করার জন্য যুক্তি প্রদানের সুযোগ ইসরায়েলের রয়েছে।

তবু নেতানিয়াহু নিজে কঠোরতম ভাষায় এর সমালোচনা করেছেন। তিনি আইসিসির চিফ প্রসিকিউটরকে নাৎসি জার্মানির বিচারকদের সঙ্গে তুলনা করেছেন, 'যাঁরা ইহুদিদের মৌলিক অধিকার নাকচ করে তাঁদের গণহত্যার (হলোকাস্ট) পথ সুগম করেছিলেন।' যুক্তরাষ্ট্রে ইসরায়েলের মিত্র হিসেবে সুপরিচিত রিপাবলিকান পার্টির সিনেটরদের একটি গ্রুপ ইসরায়েলকে টার্গেট করা হলে আইসিসিকে উল্টো টার্গেট করার নজিরবিহীন হুমকি প্রদান করেছে।

এসব কঠোর প্রতিক্রিয়া এই ইঙ্গিতই প্রদান করে যে ইসরায়েল সত্যি গ্রেপ্তারি পরোয়ানা জারি হবে, এই আশঙ্কার মধ্যে রয়েছে। আসলেও এটি হলে ইসরায়েলের সরকারপ্রধানকে বহু বাস্তব সমস্যার মুখে পড়তে হবে। সমস্যায় পড়তে হবে রাষ্ট্র হিসেবে ইসরায়েলকেও।

০৩.

ইসরায়েলের জন্য প্রথম সমস্যা হচ্ছে, আইসিসি কর্তৃক গ্রেপ্তারি পরোয়ানা জারি এড়ানো। অতীতে আইসিসির প্রসিকিউটররা গ্রেপ্তারি পরোয়ানা এরপর ৪৬ পৃষ্ঠায়



# ইসরায়েলের উন্মত্ততা বলে দিচ্ছে তারা হেরে যাচ্ছে

ফরিদ তামাল্লাহ

আন্তর্জাতিক দৃশ্যপটে ঘটে যাওয়া সাম্প্রতিক চারটি ঘটনা সম্ভবত ইসরায়েলকে কোণঠাসা করে ফেলবে এবং ইসরায়েল সব সময় যে মুখোশ পরে বিশ্বের সামনে হাজির হয়, সম্ভবত এই ঘটনাগুলো সেই মুখোশকে টেনে খুলে ফেলবে।

চার ঘটনার প্রথমটি হলো যুক্তরাষ্ট্রসহ সারা বিশ্বে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের বিক্ষোভ। দ্বিতীয়টি হলো, ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ও তাঁর প্রতিরক্ষামন্ত্রী ইয়োভ গ্যালান্টের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিসি) গ্রেপ্তারি পরোয়ানা জারির প্রক্রিয়া। তৃতীয়টি হলো, ফিলিস্তিনকে স্পেন, আয়ারল্যান্ড ও নরওয়ের স্বীকৃতি দেওয়া। সর্বশেষ ঘটনা হলো, আন্তর্জাতিক বিচার আদালতের (আইসিজে) ইসরায়েলকে রাফাতে হামলা বন্ধের নির্দেশ।

ইসরায়েল নিজেকে 'গণতান্ত্রিক রাষ্ট্র' হিসেবে দাবি করে ফিলিস্তিনি 'সন্ত্রাসবাদের' বিরুদ্ধে তার চালানো যাবতীয় কর্মকাণ্ডকে ন্যায্যতা দিতে যে মিথ্যা ভাষ্য গড়ে তুলেছে, সেই ভাষ্যকে গুঁড়িয়ে দেওয়ার ক্ষেত্রে এই ঘটনাগুলোকে 'হিমশৈলের ডগামাত্র' বলা যেতে পারে।

ইসরায়েলের অপরাধগুলোর সাম্প্রতিকতমটি সংঘটিত হয়েছে ২৬ মে সন্ধ্যায়। ওই দিন রাফায় জাতিসংঘের পরিচালনাধীন একটি 'নিরাপদ অঞ্চলে' আশ্রয় নেওয়া বাস্তুচ্যুত ফিলিস্তিনিদের তাঁবুতে ইসরায়েল সেনাবাহিনী রকেট ছোড়ে। এতে অন্তত ৪০ জন পুড়ে মারা গেছেন, যাঁদের বেশির ভাগই ছিলেন নারী ও শিশু।

ইসরায়েল যদিও আইসিসি, আইসিজে এবং ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়া তিনটি ইউরোপীয় দেশকে 'প্রতিশোধমূলক হুমকি' দিয়েছে, তবে সেই হুমকিগুলো আরও বেশি ভীতি নিয়ে অধিকৃত পশ্চিম তীর এবং পশ্চিম তীরের প্যালেস্টিনিয়ান অথোরিটির (পিএ) কাছে গেছে।

আমরা যাঁরা পশ্চিম তীরের বাসিন্দা, তাঁরা এখন ইসরায়েলের সবচেয়ে বড় হুমকির মধ্যে দিন কাটাচ্ছি।

২২ মে ইসরায়েলের অর্থমন্ত্রী বেজালেল স্মোট্রিচ ফিলিস্তিন কর্তৃপক্ষের বিরুদ্ধে 'কঠোর শাস্তিমূলক ব্যবস্থা' নেওয়ার আহ্বান জানিয়েছেন। এসব শাস্তিমূলক ব্যবস্থার মধ্যে ফিলিস্তিনিদের প্রাপ্য রাজস্ব আটকে দেওয়া, ফিলিস্তিনি ব্যাংকগুলোকে বাইরের সব আর্থিক প্রতিষ্ঠান থেকে বিচ্ছিন্ন করে ফেলা, পশ্চিম তীরে ইহুদিদের জন্য আরও কয়েক হাজার হাউজিং ইউনিট নির্মাণের অনুমোদন করা, 'একতরফাভাবে একটি ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দেয়, এমন প্রতিটি দেশের' সঙ্গে নতুন বন্দোবস্তে যাওয়া ইত্যাদি।

মার্কিন অর্থমন্ত্রী জ্যানেট ইয়েলেন এবং জি-৭ ভুক্ত কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, যুক্তরাজ্য ও মার্কিন কর্মকর্তারা ফিলিস্তিনি ব্যাংকগুলোকে বিচ্ছিন্ন করার হুমকির বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। তাঁরা বলেছেন, এ ধরনের পদক্ষেপ নেওয়া হলে ফিলিস্তিনি অর্থনীতির জীবন রক্ষাকারী ধমনি অচল হয়ে যাবে।

২২ মে গ্যালান্ট পশ্চিম তীরের উত্তরাঞ্চলের সুরক্ষায় ২০০৫ সালে প্রণয়ন করা ইসরায়েলি 'বিচ্ছিন্নতা আইন' প্রত্যাহার করেছেন। তৎকালীন ইসরায়েলি প্রধানমন্ত্রী এরিয়েল শ্যারনের প্রণয়ন করা আইনটিতে গাজা উপত্যকা থেকে ইসরায়েলের দখলদারি সরিয়ে নেওয়া এবং পশ্চিম তীরে চারটি ইহুদি বসতি সরিয়ে নেওয়ার কথা বলা হয়েছিল। এখন সেই আইন বাতিলের ফলে ইসরায়েলি বসতি স্থাপনকারীরা সেই সরিয়ে নেওয়া বসতিগুলোকে আবার সেখানে ফিরে যাওয়ার অনুমতি পেলেন।



২২ মে ইসরায়েলের অর্থমন্ত্রী বেজালেল স্মোট্রিচ ফিলিস্তিন কর্তৃপক্ষের বিরুদ্ধে 'কঠোর শাস্তিমূলক ব্যবস্থা' নেওয়ার আহ্বান জানিয়েছেন। এসব শাস্তিমূলক ব্যবস্থার মধ্যে ফিলিস্তিনিদের প্রাপ্য রাজস্ব আটকে দেওয়া, ফিলিস্তিনি ব্যাংকগুলোকে বাইরের সব আর্থিক প্রতিষ্ঠান থেকে বিচ্ছিন্ন করে ফেলা, পশ্চিম তীরে ইহুদিদের জন্য আরও কয়েক হাজার হাউজিং ইউনিট নির্মাণের অনুমোদন করা, 'একতরফাভাবে একটি ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দেয় এমন প্রতিটি দেশের' সঙ্গে নতুন বন্দোবস্তে যাওয়া ইত্যাদি।

মার্কিন অর্থমন্ত্রী জ্যানেট ইয়েলেন এবং জি-৭ ভুক্ত কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, যুক্তরাজ্য ও মার্কিন কর্মকর্তারা ফিলিস্তিনি ব্যাংকগুলোকে বিচ্ছিন্ন করার হুমকির বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। তাঁরা বলেছেন, এ ধরনের পদক্ষেপ নেওয়া হলে ফিলিস্তিনি অর্থনীতির জীবন রক্ষাকারী ধমনি অচল হয়ে যাবে।

২২ মে গ্যালান্ট পশ্চিম তীরের উত্তরাঞ্চলের সুরক্ষায় ২০০৫ সালে প্রণয়ন করা ইসরায়েলি 'বিচ্ছিন্নতা আইন' প্রত্যাহার করেছেন। একই দিনে ইসরায়েলের পার্লামেন্টে একটি বিল পাস হয়েছে যা দখলকৃত দক্ষিণ হেবরন পাহাড়কে ইসরায়েলি নাকাব অঞ্চলের সঙ্গে জুড়ে দেবে। এগুলো ইসরায়েলের ঔদ্ধত্যকে সামনে আনে। ইসরায়েল যে নিজেকে আন্তর্জাতিক আইনের ঊর্ধ্বে বলে ভাবে এবং তারা যে একটি সার্বভৌম রাষ্ট্র ও তার সার্বভৌম সিদ্ধান্ত নেওয়ার অধিকারকে মাড়িয়ে যাচ্ছে, তা তাদের কর্মকাণ্ডে প্রকাশিত হয়ে গেছে।

একই দিনে, ইসরায়েলের পার্লামেন্টে একটি বিল পাস হয়েছে, যা দখলকৃত দক্ষিণ হেবরন পাহাড়কে ইসরায়েলি নাকাব অঞ্চলের সঙ্গে জুড়ে দেবে। এগুলো ইসরায়েলের ঔদ্ধত্যকে সামনে আনে। ইসরায়েল যে নিজেকে আন্তর্জাতিক আইনের ঊর্ধ্বে বলে ভাবে এবং তারা যে একটি সার্বভৌম রাষ্ট্র ও তার সার্বভৌম সিদ্ধান্ত নেওয়ার অধিকারকে মাড়িয়ে যাচ্ছে, তা তাদের কর্মকাণ্ডে প্রকাশিত হয়ে গেছে।

ব্যক্তি, রাষ্ট্র কিংবা প্রতিষ্ঠানভেদে যখনই ইসরায়েলের কর্মকাণ্ড বা নীতির সমালোচনা করেছে, ইসরায়েল তখনই তার বিরুদ্ধে ইহুদিবিদ্বেষের এরপর ৪৪ পৃষ্ঠায়



বিশ্বে নতুন বাস্তবতা তৈরি হওয়ার সঙ্গে সঙ্গে যুক্তরাষ্ট্রের মদদপুষ্ট ইসরায়েলকে খারিজ করার প্রবণতা বাড়ছে এবং সেই নতুন বাস্তবতা দখলদারি এবং দায়মুক্তির সংস্কৃতির বিরুদ্ধে আন্দোলনকে ক্রমবর্ধমানভাবে সংহত করছে। আন্তর্জাতিক জনমত আগের যেকোনো সময়ের তুলনায় এখন গণহত্যা বন্ধ করা, দখলদারি অবসান ঘটানো এবং ফিলিস্তিনিদের স্বাধীনতা ও আত্মনিয়ন্ত্রণের বৈধ অধিকার দেওয়ার প্রয়োজনীয়তার ব্যাপারে অনেক বেশি সচেতন। আমাদের আশা, এই ক্রমবর্ধমান আন্তর্জাতিক ঐকমত্য জনমতের একটি বৈশ্বিক সুনামি ঘটাবে এবং সেই সুনামির তোড়ে ইসরায়েলি দখলদারি ভেসে যাবে। সেই সুনামি ফিলিস্তিনের জনগণের জন্য ন্যায়বিচার ও মর্যাদা নিয়ে আসবে

# বাংলাদেশের অর্থনীতিতে আজকের বিপর্যয়

শাহাব উদ্দীন

পাকিস্তান আমলে বাওয়ানী, ইস্পাহানি, আদমজীর মতো লুটেরা পুজিপতিরা ব্যাংক লোন নেওয়ার পর পরিশোধ করার সময় নানা রকম ছলছাতুরির আশ্রয় নিতো। অথবা বড়ো বড়ো রাজনীতিবিদ, আমলা ইত্যাদি লোকজনদের প্রভাব খাটিয়ে লোনের টাকা পরিশোধ না করে সম্পদের পাহাড় গড়ে তুলতো। দেশ স্বাধীন হওয়ার পর পাকিস্তানের সেই লুটেরা ২২ পরিবার নেই। কিন্তু তাদের প্রেতাত্মা বাইশ হাজার পরিবার এখন সৃষ্টি হয়েছে। প্রবাসীদের রেমিট্যান্সে গড়ে ওঠা এবং আমাদের গার্মেন্টস কর্মী ও কৃষকদের শ্রম ঘামের বিনিময়ে অর্জিত বৈদেশিক মুদ্রায় দেশের অর্থনীতির মেরুদন্ড মজবুত হচ্ছে। আর এই মজবুত মেরুদন্ডের ভীতকে ধংস করার জন্য অর্থ লোপাট করে দেশের টাকা বিদেশে পাচার করছে এক শ্রেণির দেশদ্রোহী। সেখানে বিবিদের ঐশ্বর্য, সন্তানদের লেখাপড়া, ব্যবসা বানিজ্য, বিলাস বহুল বাড়ি, গাড়ি ইত্যাদি গড়ে তোলার মাধ্যমে দেশকে ধংসের দ্বার প্রান্তে তারা নিয়ে যাচ্ছে। এই নিয়ে দেশের বিভিন্ন মিডিয়ায় ব্যাপক লেখালেখি আলোচনা হলেও অবস্থার কোন উন্নতি হয়নি। বরং দিন দিন দেশের অর্থনীতির অবনতি হচ্ছে। কারণ দেশের কর্মকর্তা কর্মচারী, রাজনীতিবিদ, ব্যবসায়ী, আমলা সবাই যখন তক্ষক হয়ে যায়, তখন আর অবশিষ্ট কিছুই থাকে না। দেশের অবস্থাটা এখন তাই।

দেশের বিদ্যমান ব্যাংকিং ব্যবস্থা পুরো বিপর্যস্ত হয়ে গেছে। একটা গোষ্ঠী রাতারাতি ব্যাংকগুলো গিলে খাচ্ছে। বাংলাদেশের গরিব মানুষের শ্রমের বিনিময়ে গড়ে ওঠা দেশের অর্থনীতি ভেঙ্গে পড়ে এক অন্ধকার ভবিষ্যত পথে যাত্রা করছে। রাশিয়া, ইউক্রেন, ইজরাইল, ফিলিস্তিন যুদ্ধ অথবা কোভিড ১৯ সহ বৈষয়িক কোন সমস্যাই দেশের এত ক্ষতি করতে পারেনি। যে ক্ষতি আমাদের রক্ষকরা করছেন। অতীতে পাকিস্তানের বাইশ পরিবার দেশের টাকা লুটপাট করে বিদেশে নিয়ে যায়নি। কিন্তু দু:খজনক হলেও সত্য যে আমাদের দেশের এক শ্রেণির অমানুষ দেশের টাকা লুটপাট করে বিদেশে নিয়ে যাচ্ছে। এটাই আমাদের দেশের জন্য ভয়ংকর। বাংলাদেশের সরকারি ও প্রাইভেট ব্যাংকগুলোর দুর্নীতি ও অব্যবস্থাপনার কারণে দুর্বল থেকে দুর্বলতর হচ্ছে। এই বিশ্বাস দেশের মানুষের মাঝে। স্বয়ং বাংলাদেশ ব্যাংকই তাদের কার্যক্রমের কারণে মানুষের আস্থা হারিয়েছে। ব্যাংকগুলো এই দুর্নীতির কারণে নাজুক অবস্থায় অর্থাৎ রেড জোনে চলে গেছে। এক সময়ের স্বনামধন্য সোনালী, রুপালী, অগ্রণী, জনতা ব্যাংক আজ অস্তিত্বের সংকটে। তা ছাড়াও পদ্মা ব্যাংক, এবি ব্যাংক, ন্যাশনাল ব্যাংক ইসলামি ব্যাংক, বাংলাদেশ কমার্স ব্যাংক ইত্যাদি ব্যাংকগুলো যে কোন সময় বন্ধ হওয়ার উপক্রম হয়েছে।

ইয়েলো জোনে তিনটি রাষ্ট্র নিয়ন্ত্রিত ও উনিশটি প্রাইভেট ব্যাংক এবং আটটি শরীয়া ভিত্তিক ব্যাংক রয়েছে। বাংলাদেশের মাত্র ষোলটি ব্যাংক গ্রীন জোন অর্থাৎ ভালো অবস্থায় রয়েছে। দেশের সরকারের পক্ষে হয়ে এবং প্রাইভেট, সরকারি ব্যাংকগুলোর হয়ে কাজ করে বাংলাদেশ ব্যাংক। মানুষের শেষ অর্থনৈতিক আস্থার জায়গা। সেটাও নষ্ট হয়ে যাচ্ছে। ২০১৬ সালের ৪ ফেব্রুয়ারি হ্যাকাররা যখন বাংলাদেশ ব্যাংক থেকে প্রায় এগারো কোটি ডলার চুরি করে তখন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ছিলেন ড. আতিয়ার রহমান। ঘটনাটি প্রায় ৩৯ দিন গোপন রাখার পর যখন তিনি দিল্লিতে একটা সেমিনারে গেলেন তখন ফিলিপাইনের একটি গণমাধ্যম বাংলাদেশ ব্যাংকের এই ভয়াবহ চুরির ঘটনা প্রকাশ করে। তখন গভর্নর প্রথম এই ঘটনার সত্যতা স্বীকার করেন। ড. আতিয়ার রহমানের এই লুকোচুরি বাংলাদেশ ব্যাংক সহ পুরো অর্থনৈতিক, ও ব্যাংকিং ব্যবস্থাকে প্রশ্ন বিদ্ধ এবং অনাস্থার জায়গায় ফেলে দেয়। শুধু তাই নয়, এর সাথে দেশের সর্বোচ্চ ব্যক্তিগনের সংশ্লিষ্টতার কথা দেশে বিদেশে চাউর হয়ে যায়। এই খবর যখন প্রকাশ হয়, তখন বাংলাদেশ ব্যাংকের নিট রিজার্ভ তেরো বিলিয়ন ডলারে নেমে আসে। তখন থেকেই ডলারের দাম বাড়ার অস্থিরতা দেখা দেয়। কেন্দ্রীয় ব্যাংকের এই ঘটনা, গুজব, গোপনীয়তা, ইত্যাদি পুরো ব্যাংকিং সেক্টরকে অবিশ্বাসের অতল গহ্বরের মধ্যে ফেলে দেয়। কেন্দ্রীয় ব্যাংকে এই চুরির ঘটনার সময় ডেপুটি গভর্নর সিতাংশু কুমার সুর চৌধুরী (এস কে সুর) কেন্দ্রীয় ব্যাংকের কম্পিউটারের বিশেষ ডিভাইস দেখবালের দায়িত্বে ছিলেন। সেই সময়ে তার নামটি বিশেষ ভাবে আলোচিত হয়েছে। তিনি দেশের সরকারি ও বেসরকারি ব্যাংকগুলোতে অনুগত লোক বসিয়ে সিন্ডিকেটের করে ব্যাংকের টাকা অনিয়মের মাধ্যমে উত্তোলন করে বিদেশ পাচার করার ব্যবস্থা করেন। তারতে গ্রেফতার হওয়া ব্যাংক লুটেরা এন আর বি ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক প্রশান্ত কুমার হাওলাদারের (পি কে হাওলাদার) বড়ো অংকের লোন উত্তোলনে সহায়তা ও সুবিধা করে দেন মি: সুর। পরিস্থিতি এমন পর্যায়ে গিয়েছিল যে দুদক বিভিন্ন অনিয়ম পেয়ে এস কে সুর ও তার স্ত্রী সুপর্না সুর চৌধুরীর ব্যাংক একাউন্ট তলব ও এন, বি, আর, কর ফাঁকির দায়ে তাদের একাউন্ট ফ্রিজ করেছিলো। খবরে প্রকাশিত হয়েছিল, তার পরামর্শেই প্রথম একমাস রিজার্ভের চুরির ঘটনা ড. আতিয়ার গোপন রাখেন। এভাবেই রথী মহারথী মিলেমিশেই দেশের আর্থিক খাতের হৃৎপিন্ড, পুরো ব্যাংকিং ব্যবস্থাকে অনিয়মের মাধ্যমে ধংসের দ্বার প্রান্তে নিয়ে এসেছেন।

সরকারের কিছু দুষ্ট চক্রের যোগ সাজসে দীর্ঘদিন থেকেই লোনের ভারে দেউলিয়া কিছু মাফিয়া লোকজন ব্যাংকের মালিক হয়ে যাওয়ায় এই খাত খুবই বিপাকে। ২০১৬ সালের চুরি হওয়া প্রায় এগারো কোটি ডলারের মধ্যে মাত্র তিন কোটি ছেচল্লিশ লাখ ডলার উদ্ধার করা সম্ভব হলেও বাকি ডলারের এখনো হদিস

এরপর ৪৫ পৃষ্ঠায়





“আর্থিক অনিয়মের বিষয়কে তদন্ত ও বিচারের আওতায় নিয়ে এসে দেশে ও বিদেশের আয় বর্হিভূত সম্পদ বাজেয়াপ্ত করে রাষ্ট্রীয় কোষাগারে নিয়ে আসতে হবে। প্রত্যেক জায়গায় সুশাসন, শৃংখলা প্রতিষ্ঠা করতে হবে। দুর্নীতি, স্বজনপ্রীতি, ক্ষমতার অপব্যবহারকারিদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি নিতে হবে। সর্বোপরি রাজনীতি হলো অর্থনীতির ঘনীভূত রূপ। দেশপ্রেমিক সরকার, দেশে সুশাসন, গণতন্ত্র, একান্ত জরুরি। দেশ পরিচালনায় এবং নির্বাচনে যদি স্বচ্ছতা না থাকে তবে সরকারের নৈতিকতা, মুল্যবোধ, সৎ সাহস থাকে না। সুতরাং যারা দেশ পরিচালনা করেন তাদের এ বিষয়ে সময় থাকতে চিন্তা করা উচিৎ”

# রাইসির মৃত্যুতে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের ‘দায়’!

মো. আবুসালেহ সেকেন্দার

“উন্নয়নের মাধ্যমে মধ্যপ্রাচ্যে ইসরায়েলকে বিচ্ছিন্ন করার যে কৌশল নিয়েছিল তা থমকে যাবে। পরবর্তী ইরানি নেতৃত্ব কতটা ওই ধারাবাহিকতা রক্ষা করতে পারবে তা বলার সময় এখনও না এলেও সাম্প্রতিক হেলিকপ্টার দুর্ঘটনায় ইসরায়েল কিছু সময়ের জন্য হলেও সামরিক ও কূটনৈতিক ক্ষেত্রে ইরানি চাপমুক্ত থাকবে তা বলা যায়। ফলে তারা সহজে জনমিতি-জনবসতি পুনর্বিন্যাসের কূটনীতি বাস্তবায়নের পথে অগ্রসর হতে পারবে। জনমিতি-জনবসতি পুনর্বিন্যাসের কূটনীতি সফল হলে সৌদি আবরসহ মধ্যপ্রাচ্যের অনেক দেশের সঙ্গে ইসরায়েলের কূটনৈতিক সম্পর্ক স্থাপন করার দ্বার খুলে যাবে। মধ্যপ্রাচ্যের মানচিত্র থেকে ইসরায়েলকে মুছে ফেলার ইরানি নেতাদের হুঙ্কার ও স্বপ্ন ‘কাজীর গরু কেতাবে আছে গোয়ালে নেই’ প্রবাদে পরিণত হবে”

ইরান রাষ্ট্রের ‘সেকেন্ড ইন কমান্ড’ রাষ্ট্রপতি ইব্রাহিম রাইসি ও পররাষ্ট্রমন্ত্রী আমির আব্দোল্লাহিয়ানসহ নয় জন এক হেলিকপ্টার দুর্ঘটনায় নিহত হওয়ায় গণমাধ্যমে ওই দুর্ঘটনার সঙ্গে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সংশ্লিষ্টতা নিয়ে প্রশ্ন উত্থাপিত হয়। ১৯৭৯ সালে ‘ইসলামের গান্ধী’ বলে পরিচিত ইমাম খোমেনির নেতৃত্বে ইসলামি বিপ্লবের মাধ্যমে ইরানের বর্তমান একনায়কতান্ত্রিক সরকার ক্ষমতায় আসার পর থেকে ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্রের বৈরী সম্পর্কের সূচনা হয়। শাহের পতনের পর বিপ্লবী ছাত্র-জনতার প্রবল যুক্তরাষ্ট্রবিরোধী মনোভাব, জিম্মি সংকট ও ইরানের পারমাণবিক কর্মসূচিকে কেন্দ্র করে ওই সম্পর্ক তলানিতে চলে যায়।

১৯৮০ সালে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন হয়। যুক্তরাষ্ট্র ইরানকে বিশ্ব থেকে বিচ্ছিন্ন করতে একের পর এক অবরোধ আরোপ করে। যুক্তরাষ্ট্রের অবরোধ আরোপের ফলে যুক্তরাষ্ট্র ও তার মিত্র দেশগুলো থেকে ইরান বিচ্ছিন্ন হয়ে যায়, যা তার অর্থনীতিতে বিরাট প্রভাব ফেলে। তেলের মজুতের হিসাবে ইরানের অবস্থান বিশ্বে তৃতীয়। বিশ্বের মোট প্রমাণিত পেট্রোলিয়াম মজুতের প্রায় দশ ভাগ ইরানে রয়েছে। ইরানে আগামীতে নতুন কোনও তেলের খনি আবিষ্কৃত না হলেও এর মজুত ১৪৫ বছর স্থায়ী হবে। অপরিশোধিত তেলের মজুত হিসাবে ইরানের অবস্থান কানাডার পরে। অবশ্যই কানাডার অপ্রচলিত তেলের মজুত বাদ দিলে ইরানের অবস্থান কানাডার উপরে, সৌদি আরবের পরে। মজুত তেলের হিসাবে ইরানের অবস্থান তৃতীয়/চতুর্থ যাই হোক না কেন, তেল বিক্রি করে সৌদি আরব যেখানে বিশ্বের অন্যতম ধনী দেশের তালিকায় নাম লিখেছে, সৌদি আরবের জনগণ যখন উন্নত জীবনযাপন করছে, সেখানে সৌদি আরবের কাছাকাছি তেলের মজুত থাকা সত্ত্বেও ইরানের জনগণ দারিদ্র্যপীড়িত জীবনযাপন করেন। কারণ ইউরোপীয় ইউনিয়নের দেশগুলোসহ তেল ক্রয়কারী অধিকাংশ দেশ যুক্তরাষ্ট্রের মিত্র রাষ্ট্র। ফলে যুক্তরাষ্ট্রের অবরোধের ফলে বৈধ পথে ইরানের পক্ষে তেল ক্রয়কারী দেশের কাছে তেল বিক্রি করা সম্ভব হয় না। তাই ইরানের তেল সম্পদ তার অর্থনৈতিক উন্নয়নে কার্যকর ভূমিকা রাখতে পারছে না।

বিশ্বের অন্যতম তেল সমৃদ্ধ দেশ হওয়া সত্ত্বেও শুধু মার্কিন যুক্তরাষ্ট্রের অবরোধের কারণে ইরানের অর্থনীতি স্বমহিমায় বিকশিত হতে পারেনি। যুক্তরাষ্ট্রের ওই অবরোধ শুধু অর্থনীতির ওপর প্রভাব ফেলেছে তা নয়, ইরানের সব ক্ষেত্রে প্রভাব রাখছে। ইরান প্রযুক্তিগত উন্নয়নের দাবি করলেও বাস্তবিকপক্ষে তা অনেক ক্ষেত্রে যে ‘ফাঁকা বুলি’ তা সাম্প্রতিক কয়েকটি ঘটনায় প্রমাণিত হয়েছে। ইসরায়েলে তারা কয়েকশ’ ক্ষেপণাস্ত্র ও ড্রোন নিক্ষেপ করলেও তা ইসরায়েলের ক্ষতি করা তো দূরের কথা, ওইসব ক্ষেপণাস্ত্র ও ড্রোন ইসরায়েলের আকাশসীমায় পৌঁছাতে পারেনি। যুক্তরাষ্ট্র ও তার মিত্র ইসরায়েল ইরানের চেয়ে সামরিক অস্ত্রশস্ত্র ও প্রযুক্তিতে যে এগিয়ে আছে তা আবারও প্রমাণিত হয়েছে।

এ কথা ঠিক যে ইরানের নির্মিত ড্রোন সামরিক অস্ত্র হিসেবে বেশ খ্যাতি লাভ করেছে। রাশিয়া যুদ্ধে ইউক্রেনের বিরুদ্ধে ওই ড্রোন ব্যবহার করে অনেক ক্ষেত্রে সফলতা পেয়েছে। সাম্প্রতিক হেলিকপ্টার দুর্ঘটনায়ও কার্যকর ভূমিকা রাখে ইরানি ড্রোন। তুরস্কের উন্নত প্রযুক্তির ড্রোন রাইসির বিধ্বস্ত হেলিকপ্টার খুঁজে পেতে ব্যর্থ হয়। তবে ইরানের নিজস্ব প্রযুক্তিতে তৈরি ড্রোন রাষ্ট্রপতি রাইসিকে বহনকারী বিধ্বস্ত হেলিকপ্টার খুঁজে পায়। কিন্তু এটি মুদ্রার একপিঠ। অন্যপিটের চিত্র সুখকর নয়। ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের ড্রোন প্রযুক্তির সঙ্গে তুলনা করলেও ইরানি ওই ড্রোন খুব কার্যকর কোনও অস্ত্র নয়, যা ইসরায়েলের অস্তিত্বকে হুমকিতে ফেলতে পারে।

সাম্প্রতিক ইরানের হামলায় ওই ড্রোন ব্যবহৃত হলেও তার অধিকাংশ ইসরায়েলের মাটিতে পৌঁছাতে না পারার ঘটনা থেকে তা প্রমাণিত হয়েছে।

ড্রোন প্রযুক্তি দেখে মনে হতে পারে ইরান অ্যাভিয়েশন সেক্টরে বেশ উন্নত দেশ। কিন্তু বাস্তবিকপক্ষে যুক্তরাষ্ট্রের অবরোধের ফলে ইরানের পক্ষে অ্যাভিয়েশন সেক্টরে আধুনিক প্রযুক্তি যুক্ত করা সম্ভব হয়নি। ইরান ইসলামি বিপ্লবের আগের শাহের আমলের অ্যাভিয়েশন অবকাঠামো ও প্রযুক্তি বিমান উড্ডয়ন ও অবতরণের ক্ষেত্রে ব্যবহার করছে। ফলে প্রতিবছর ইরানে বিমান দুর্ঘটনা ঘটছে।

২০০০ সালে থেকে এই পর্যন্ত প্রায় ২০০ বিমান দুর্ঘটনা ঘটেছে এবং ওই দুর্ঘটনায় প্রায় ১ হাজার ২০০ মানুষ নিহত হয়েছেন। গত বছর (২০২৩) বিমান দুর্ঘটনায় ইরানের ক্রীড়ামন্ত্রী নিহত হন। সামরিক কর্মকর্তাদের বিমান দুর্ঘটনায় নিহত হওয়ার ঘটনা প্রায় ঘটে।

ইরানের রাষ্ট্রপতি রাইসির হেলিকপ্টার দুর্ঘটনার সঙ্গে যুক্তরাষ্ট্র সরাসরি জড়িত না থাকলেও তাদের পরোক্ষ ভূমিকা আছে। ইরানের সঙ্গে বৈরী সম্পর্কের ফলে যুক্তরাষ্ট্র ইরানের রাষ্ট্রপতি রাইসিকে বহনকারী হেলিকপ্টারটি গুলি করে নামিয়েছে অথবা যুক্তরাষ্ট্রের কোনও এজেন্ট ইরানের রাষ্ট্রপতি রাইসিকে হত্যার জন্য ইচ্ছাকৃত হেলিকপ্টার দুর্ঘটনা ঘটিয়েছে বলে দাবি করে ওই দুর্ঘটনার দায়ভার যুক্তরাষ্ট্রের ওপর চাপাচ্ছি বিষয়টি এমন নয়।

ইরানের সামরিক বাহিনী প্রকাশিত হেলিকপ্টার দুর্ঘটনার প্রাথমিক তদন্ত রিপোর্টেও দাবি করা হয়েছে, রাষ্ট্রপতি রাইসিকে বহনকারী হেলিকপ্টারটি পরিকল্পিত রুটে যাওয়ার পথে একটি পাহাড়ে বিধ্বস্ত হয়ে আগুনে ভস্মীভূত হয়। তারা তাদের প্রাথমিক তদন্তে

এরপর ১৬ পৃষ্ঠায়





# বাংলা ট্রাভেলস ওমরাহ হজ্ব কাফেলা



## ওমরাহ প্যাকেজ

আমরা IATA অনুমোদিত · আমরা ARC অনুমোদিত






পবিত্র মক্কায় তাওয়াফ করার পূর্ব মুহুর্তে



পবিত্র মক্কায় তাওয়াফরত অবস্থায়

## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

### সামার সেল চলছে

বাংলাদেশ থেকে আসার টিকেট কম দামে আমাদের কাছেই পাবেন




DELTA AIR LINES · AmericanAirlines · Biman Bangladesh Airlines · Kuwait Airways · Etihad Airways · Emirates · Qatar Airways

**প্যাকেজ বিবরণ**

বিমান ভাড়া ও হোটেল।
ভিসা, মোয়াল্লেম।
জেদ্দা এয়ারপোর্ট থেকে পিকআপ এবং ড্রপ।
মক্কা ও মদিনায় জিয়ারা।
মক্কা ও মদিনায় যাতায়াত।
৫/৩ ষ্টার হোটেল।

★ আমরা ১০ মিনিটে সৌদি ভিসা প্রসেস করি
★ ১২ ঘন্টায় ওমরাহ ভিসা প্রসেস করি

আমাদের কাছে পাবেন গ্রুপ ওমরাহ প্যাকেজ, একক ওমরাহ প্যাকেজ ও কাষ্টম প্যাকেজ



Mohammad B Hossain (Belal)
President & CEO

### বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 10AM - 10PM *Terms & Condition may apply. See store for details.

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

---

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com



**Moin Choudhury**
Attorney at Law

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**
**Manhattan Office By Appointment Only.**
**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# SmartTech
## IT Solutions Inc.

**We built your dream job in (IT)**

স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন

salesforce

**Learn Salesforce Without Coding**

BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE

- Configuration & Setup
- Sales & Marketing Applications
- Data & Analysis Management
- Workflow & Process Automation

SALESFORCE ADMINISTRATOR

**Earn Yearly : 80K - 120K**

**Learn QA Test Engineer**

SDET
MANUAL &
AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...

আমাদের সেবা সমূহঃ
- সহজ ভাবে পড়ানো হয়
- রিজুমি প্রস্তুতি
- ইন্টারভিউ সাপোর্ট
- আফটার জব সাপোর্ট
- ইনপারসন এবং অনলাইন ক্লাস

**Ph: (917) 293-5724**
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372

# হোমিও চিকিৎসা
## জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিস: (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিস: (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা



# ঘুমের সমস্যায় হৃদরোগের ঝুঁকি



ডা. ফাতেমা ইয়াসমিন

দৈহিক ও মানসিক সুস্বাস্থ্যের জন্য ঘুম অপরিহার্য। পর্যাপ্ত ও আরামদায়ক ঘুম আমাদের সক্রিয় ও সতেজ রাখে। সুস্বাস্থ্যের জন্য সময় ও পরিমাণ মতো ঘুমের পাশাপাশি পরিবেশও সমান গুরুত্বপূর্ণ। অপর্যাপ্ত ঘুম উচ্চরক্তচাপ ও ডায়াবেটিসের কারণ। অনেকের মধ্যে ঘুমের সমস্যা দেখা যায়, যেমন-অনিদ্রা, স্লিপ অ্যাপনিয়া, অস্থির পায়ের সিনড্রোম ইত্যাদি। অন্যদিকে হৃদরোগে আক্রান্ত রোগীদের ঘুমের ব্যাধি হওয়ার প্রবণতাও বেশি থাকে।



** ঘুমে রোগগুলো কীভাবে হার্টের ক্ষতি করে

ঘুমের রোগগুলো শরীরে প্রদাহ সৃষ্টি করে, যা হার্টের সমস্যাগুলোর ঝুঁকি বাড়িয়ে দেয়। পর্যাপ্ত ঘুম না হওয়া (যেমন অনিদ্রা এবং স্লিপ অ্যাপনিয়া) হৃদরোগের ঝুঁকি বাড়িয়ে দেয়। যারা কম ঘুমায় (দৈনিক ৭-৮ ঘণ্টার কম) তাদের মায়োকার্ডিয়াল ইনফার্কশন বা হার্ট অ্যাটাকের প্রবণতা বেড়ে যায়। স্লিপ অ্যাপনিয়ায় আক্রান্ত ব্যক্তির উচ্চরক্তচাপের ঝুঁকি বাড়ে, অথবা উচ্চরক্তচাপ নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে পড়ে। যদি কারও স্লিপ অ্যাপনিয়া থাকে, তবে এ ধরণের ব্যক্তিদের মধ্যে শতকরা পঞ্চাশ ভাগের উচ্চরক্তচাপ হওয়ার আশঙ্কা রয়েছে। এছাড়াও যাদের উচ্চরক্তচাপ আছে তাদের হার্টের ছন্দে সমস্যা হতে পারে, যেমন অ্যাট্রিয়াল ফাইব্রিলেশন (এক ধরনের অনিয়মিত হৃদস্পন্দন) এবং ব্র্যাডিকার্ডিয়া (ধীর হৃদস্পন্দনহার)। গুরুতর স্লিপ অ্যাপনিয়ায় আক্রান্ত ব্যক্তির অ্যাট্রিয়াল ফাইব্রিলেশন হওয়ার আশঙ্কা সুস্থদের থেকে চারগুণ বেশি হয়। স্লিপ অ্যাপনিয়ার জন্য চিকিৎসা না নিলে অ্যাট্রিয়াল ফাইব্রিলেশন নিয়ন্ত্রণ করা কঠিন হয়।

